

বেসিক ব্যাংক লিমিটেড  
ট্রেজারি এবং ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন  
প্রধান কার্যালয়, ঢাকা

সূত্র নং-৫৩.০৯.০০০০.৮৩১.১৮.০০১.২৬.৩০০৮-

তারিখঃ ২১.০৫.২০২৬

প্রতিঃ সকল উপশাখা, শাখা, সার্কেল ও বিভাগীয় প্রধান।

বিষয়ঃ ঋণ ও অগ্রিমের দণ্ড সুদ পুনঃ নির্ধারণ।

উপযুক্ত বিষয়ে অত্র বিভাগের সার্কুলার লেটার নং ৫৩.০৯.০০০০.৮৩১.১৮.০০৮.২৪.৩৩৩২ তারিখ ৩০.০৫.২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ কর্তৃক ১৩ মে, ২০২৬ তারিখে জারীকৃত সার্কুলার লেটার নং-১৭ এর নির্দেশনা মোতাবেক ব্যাংকের ঋণ ও অগ্রিমের দণ্ড সুদ পুনঃনির্ধারণ করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের আলোচ্য সার্কুলার লেটার নং-১৭ এর প্রেক্ষিতে ব্যাংকের অত্র বিভাগের সার্কুলার লেটার নং ৫৩.০৯.০০০০.৮৩১.১৮.০০৮.২৪.৩৩৩২ তারিখ ৩০.০৫.২০২৪ এর অনুচ্ছেদ খ (১) এবং খ (২) নিম্নবর্ণিত অনুচ্ছেদ দ্বারা প্রতিস্থাপিত হবেঃ

“কোনো ঋণ অথবা ঋণের কিস্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত সময়ে চলমান/তলবী ঋণের ক্ষেত্রে সম্পূর্ণ ঋণস্থিতির উপর এবং মেয়াদি ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির উপর সর্বোচ্চ ০.৫ % দণ্ড সুদ আরোপ করা হবে।”

পুনঃনির্ধারিত দণ্ড সুদ ১৩.০৫.২০২৬ তারিখ হতে কার্যকর হবে যা পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে। এই বিষয়ে ব্যাংক কর্তৃক প্রদেয় ৩০.০৫.২০২৪ তারিখের সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। সুদের হার সম্পর্কিত কোন ব্যাখ্যার প্রয়োজন হলে নিম্ন স্বাক্ষরকারীগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

মোঃ সাহুদ হাসান  
উপ-মহাব্যবস্থাপক

মোঃ ইছমাইল  
মহাব্যবস্থাপক

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. একান্ত সচিব, উপ-ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-পরিবর্তিত সুদহার কার্যকরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের/শাখাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।